

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ হায়েয শুরু হলে সালাত ছেড়ে দেওয়া আর হায়েয শেষ হলে গোসল করার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ بِتَرْكِ الصَّلَاةِ عِنْدَ إِقْبَالِ الْحَيْضَةِ وَالْإِغْتِسَالِ عِنْدَ إِدْبَارِهَا

আরবী

1347 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكِ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: قَالَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَا أَطْهُرُ أَفَأَدَعُ الصَّلَاةَ؟ قَالَتْ: فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا ذلك عِرْقٌ وليست بِالْحَيْضَةِ فَإِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ فَاتْرُكِي الصَّلَاةَ فَإِذَا ذَهَبَ عَنْكِ قَدْرُهَا فَاغْسِلِي عَنْكِ الدَّمَ وصَلِّي)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1347 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৪৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "ফাতেমা বিনতু হুবাইশ রাদ্বিয়াল্লাহু আনহা বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি পবিত্র হতে পারি না (সবসময় রক্ত আসে), আমি কি সালাত ছেড়ে দিব?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "এটা শিরাবাহিত রক্ত; হায়েযের রক্ত নয়। কাজেই যখন হায়েযের রক্ত আসবে, তখন সালাত ছেড়ে দিবে, আর যখন হায়েযের নির্ধারিত দিন চলে যাবে, তখন তোমার থেকে রক্ত ধুয়ে ফেলবে (গোসল করবে) এবং সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৬১; মুসনাদুশ শাফে'ঈ: ১/৩৯-৪০; সহীহ আল বুখারী: ৩০৬; নাসাঈ: ১/১৮৬; দারাকুতনী: ১/২০৬; দারেমী: ১/১৯৯; আবূ আওয়ানা: ১/৩১৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১০২; সুনান বাইহাকী: ১/৩২১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩২৪; মুসান্নাফ আবুর রাযযাক: ১১৬৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ:



১/১২৫; সহীহ আল বুখারী: ২২৮; সহীহ মুসলিম: ৩৩৩; আবূ দাঊদ: ২৮২; তিরমিযী: ১২৫; নাসাঈ: ১/১৮১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৮১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন